

## দুইটি কবিতা

### মানুষ

ধরিত্রির ফুল-ফল-গাছ-লতা-পাতা সুন্দর  
সুন্দর, গহীন অরণ্যের সোঁদা সোঁদা গন্ধ  
তার চাইতেও বেশি সুন্দর, প্রকৃতি প্রদত্ত মানুষ  
যার শরীর-মন লালন-পালন করেছে  
বিশাল প্রকৃতিকে জয়।

মানুষ শুধু জয় করেনি এখনও; মানুষে মানুষে হিংসা-বিদ্বেষ  
নিয়ত করে চলেছে যুদ্ধ আর হানাহানি।  
এ যুদ্ধ-হিংসা আর মারামারি চলতেই থাকবে;  
যতোক্ষণ না শেষ হবে, ক্ষমতা আর ধর্মের হোলি খেলা,  
হবেও না ততোক্ষণ, মানুষের মানবিকতার বিজয়।

### একাকী

এ মধ্য বিজন-রাতে, জোয়ার ভরা সাগরের পাশে  
মৃদু মৃদু নেশার ঘোরে; একাকী শুধু তোমাকে ভাবছি ...  
ভাবছি তোমার-আমার অতীত ভবিষ্যৎ  
আজ আমরা দুজন, দু-জনা থেকে দূর বহুদূর।  
যোজন যোজন মাইল দূর হলেও, তবু মনে হয়  
প্রতিক্ষণ তুমি আমার শরীরের কোষে কোষে মিশে আছ।

এ রূপালি নয়নভরা জ্যোৎস্না রাতে একাকী,  
মন শুধু তোমাকে কাছে পেতে, তোমার ওষ্ঠের স্বাদ নিতে চায়।  
আজ তুমি পাশে নাই জেনে—এই সাগর ও আকাশকে সাক্ষী রেখে  
তোমার ভবিষ্যতের আশায় বেঁচে থাকলাম।

::::: মাহবুবব সাঈদ, সুইডেন ::::